

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৩১. কুলি করা সম্পর্কে

بَابٌ فِي الْمَضْمَضَةِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا زَائِدَةُ حَدَّثَنَا خَالِدُ بْنُ عَلْقَمَةَ الْهَمْدَانِيُّ حَدَّثَنِي عَبْدُ خَيْرٍ قَالَ دَخَلَ عَلِيٌّ الرَّحَبَةَ بَعْدَمَا صَلَّى الْفَجْرَ قَالَ فَجَلَسَ فِي الرَّحَبَةِ ثُمَّ قَالَ لِغُلَامٍ لَهُ الْثِنِي بِطَهُورٍ قَالَ فَأَتَاهُ الْغُلَامُ بِإِنَاءٍ فِيهِ مَاءٌ وَطَسْتٍ قَالَ عَبْدُ خَيْرٍ وَنَحْنُ جُلُوسٌ نَنْظُرُ إِلَيْهِ فَأَدْخُلَ يَدَهُ الْيُمْنَى فَمَلَأَ فَمَهُ فَمَصْمَصَ وَاسْتَنْشَقَ وَنَثَرَ بِيَدِهِ الْيُسْرَى فَعَلَ هَذَا تَلَاثَ مَرَّاتٍ ثُمَّ قَالَ مَنْ سَرَّهُ أَنْ يَنْظُرَ إِلَى طُهُورِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَهَذَا طُهُورُهُ

إسناده صحيح

## বাংলা

৭২৪. আবদু খায়ের বর্ণনা করেন: একদা আলী রাদ্বিয়াল্লাহু আনহু ফজর সালাত আদায় করার পর (কুফার) খোলা ময়দানে গমন করলেন। আর তিনি ময়দানে বসে পড়লেন। তারপর তিনি তার গোলামকে বললেন: আমার জন্য ওযুর পানি নিয়ে আসো। ফলে গোলামটি এক পাত্র পানি এবং একটি খালি গামলা নিয়ে এলো। আবদু খায়ের বলেন: আমরা বসে তার দিকে দেখছিলাম। তখন তিনি ডান হাত পাত্রে ঢুকিয়ে দিলেন মুখ ভর্তি পানি নিয়ে কুলি করলেন এবং নাকে পানি দিলেন এবং বাম হাত দিয়ে নাক পরিষ্কার করলেন। তিনি তিনবার এরকম করলেন। অতঃপর বললেন: যে ব্যক্তি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওযু দেখে আনন্দিত হতে চায়, (সে যেন আমার এ ওযু দেখে নেয়)। কেননা, এটিই ছিল তাঁর ওয়ু।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।



তাখরজি: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান ১০৫৬, ১০৭৯; মুসনাদুল মাউসিলী নং ২৮৬; মাওয়ারিদুয যাম'আন নং ১৫০, ১৫১। (ইবনু খুযাইমা, ১৪৭; আবু দাউদ ১১১,১১২; তিরমিয়ী ৪৯; নাসাঈ ১/৬৮; বাইহাকী আল কুবরা ১/৪৭, ৪৮, ৬৮, ৭৪; ইবনু হিব্বান ১০৪২; দারুকুতনী ১/৩৩।- মাওয়ারিদুয যাম'আন নং ১৫০ এর টীকা হতে।-অনুবাদক।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ খায়ছামা বিন আব্দুর রহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন